



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



সূত্র নং-বিএসইসি/এসআরআই/সিসিএ/ডিএসই/২০২১/২১২

তারিখঃ মার্চ ২২, ২০২২ খ্রীঃ

নির্দেশনা

যেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (অতঃপর “কমিশন” বলিয়া বিবেচিত হইবে) এই মর্মে অবগত হইয়াছে যে, পুঁজিবাজারে কর্মরত কিছু ট্রেক হোল্ডার কোম্পানির সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account)-এ গ্রাহকদের বিনিয়োগকৃত অর্থ এবং সংশ্লিষ্ট ডিপোজিটরি অংশগ্রহণকারী (Depository Participant)-তে গ্রাহকদের সিকিউরিটিজের ঘাটতি উদঘাটিত হইয়াছে;

যেহেতু, এইরূপ কার্যকলাপের ফলে পুঁজিবাজারে বিনিয়োগকারীদের স্বার্থ হানি হইয়াছে এবং পুঁজিবাজারের শৃঙ্খলা বিনষ্ট হইয়াছে মর্মে কমিশনের নিকট প্রতীয়মান হইয়াছে;

অতএব, সেহেতু, বাংলাদেশের পুঁজিবাজারে বিনিয়োগকারীদের স্বার্থে এবং পুঁজিবাজারের শৃঙ্খলা রক্ষার্থে কোন ট্রেক হোল্ডার কোম্পানির সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account)-এ গ্রাহকদের বিনিয়োগকৃত অর্থ অথবা সংশ্লিষ্ট ডিপোজিটরি অংশগ্রহণকারী (Depository Participant)-তে গ্রাহকদের সিকিউরিটিজের ঘাটতি পাওয়া গেলে তাহা সমন্বয় না করা পর্যন্ত সংশ্লিষ্ট ট্রেক হোল্ডার কোম্পানি ও ডিপোজিটরি অংশগ্রহণকারীর বিরুদ্ধে বিদ্যমান সিকিউরিটিজ আইন অনুযায়ী গৃহীত ব্যবস্থার পাশাপাশি The Securities and Exchange Ordinance, 1969 এর section 20A এ প্রদত্ত ক্ষমতাবলে কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড-কে নিম্নলিখিত নির্দেশনা প্রদান করিল যাহা অবিলম্বে কার্যকর হইবেঃ

- ১। Dhaka Stock Exchange (TREC Holder's Margin) Regulations, 2013 এর regulation 3 এবং Chittagong Stock Exchange (TREC Holder's Margin) Regulations, 2013 এর regulation 3 এর অধীনে প্রাপ্য Free Limit সুবিধা স্থগিত থাকিবে;
- ২। সংশ্লিষ্ট এক্সচেঞ্জের মালিকানা শেয়ারের বিপরীতে প্রাপ্য লভ্যাংশ প্রদান স্থগিত থাকিবে;
- ৩। Eligible Investors/Qualified Investors এর quota হিসাবে IPO/RPO/QIO এর প্রাপ্য সুবিধা স্থগিত থাকিবে;
- ৪। সংশ্লিষ্ট ট্রেক হোল্ডার কোম্পানি ও ডিপোজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদ নবায়ন স্থগিত থাকিবে;
- ৫। নতুন শাখা অথবা ডিজিটাল বুথ খোলার সুবিধা স্থগিত থাকিবে;
- ৬। সংশ্লিষ্ট ট্রেক হোল্ডার কোম্পানি কর্তৃক গ্রাহকদের বিনিয়োগকৃত অর্থ ও সিকিউরিটিজ এর ঘাটতি সমন্বয় করার পর ন্যূনতম এক বছর সংশ্লিষ্ট এক্সচেঞ্জ উক্ত ট্রেক হোল্ডার কোম্পানিতে বিশেষ তদারকি করিবে। এছাড়া প্রতিমাসে দুইবার সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) ও সংশ্লিষ্ট ডিপোজিটরি অংশগ্রহণকারী (Depository Participant)-তে রক্ষিত সিকিউরিটিজ পরীক্ষা করিবে; এবং
- ৭। ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড কমিশনের উপর্যুক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে এবং কমিশনে প্রতিবেদন দাখিল করিবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

অধ্যাপক শিবলী বুবাইয়াত-উল-ইসলাম
চেয়ারম্যান

“মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার”